



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নির্বাহী পরিচালকের কার্যালয়  
তুলা উন্নয়ন বোর্ড  
হিসাব শাখা  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।  
www.cdb.gov.bd



স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১০২.২০.০০৫.১৮.১৭২

তারিখ: ৩০ ভাদ্র ১৪২৮

১৪ সেপ্টেম্বর ২০২১

বিষয়: চলতি ২০২১-২২ অর্থ বছরে তুলা উন্নয়ন বোর্ডের রাজস্ব/ পরিচালন ব্যয় খাতের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: সিডিবি, হিসাব শাখা (সঃ দঃ), ঢাকা।

উপর্যুক্ত বিষয়ে তুলা উন্নয়ন বোর্ডের চলতি ২০২১-২২ অর্থ বছরের রাজস্ব/ পরিচালন ব্যয় খাতের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রস্তাব প্রণয়নের নিমিত্ত অফিসগুপ ভিত্তিক (রিজিয়নাল অফিস, জোনাল অফিস এবং খামারসমূহ) বাজেট প্রস্তাব পেশকরণ সংক্রান্ত ছকপত্র অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্রসাথে সংযুক্ত করে প্রেরণ করা হলো। (কপি সংযুক্ত)।

উল্লেখ্য, কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর কর্তৃক অক্টোবর, ২০২১ মাসের ২য় সপ্তাহ হতে ১৫ কার্যদিবস ব্যাপী সিডিবি'র ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থ বছরের রাজস্ব ও উন্নয়ন প্রকল্প খাতের হিসাব নিরীক্ষা কার্যক্রম পরিচালিত হবে। তাই সময়ের স্বল্পতাহেতু পূর্ব হতে সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের কাজ শুরু করা প্রয়োজন।

Ibas++ Module-এ বাজেট চূড়ান্ত হওয়ায় পর কোন খাতে বরাদ্দ বৃদ্ধি বা বাজেটে ধরা হয় নি এরূপ কোন প্রকার নতুন ব্যয় নির্বাহ করা অসম্ভব হয়ে পড়ে। বিষয়টি বিবেচনায় রেখে একজন দায়িত্বশীল কর্মকর্তার তত্ত্বাবধানে সম্ভাব্য ব্যয় চিহ্নিত করে সংশোধিত বাজেট প্রাক্কলন প্রস্তুত করে আগামী ০৫/১০/২০২১ তারিখের মধ্যে পূর্ণাঙ্গ প্রস্তাব সদর দপ্তরে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিশেষ দৃষ্টব্য : এক্সেল সীটে প্রস্তুতকৃত ছকপত্র ডাউনলোড করে Nikosh Front-এ শুধুমাত্র কাংখিত কলামে টাকার অংক লিপিবদ্ধ করতে হবে। সেডিংকৃত মোটা বা উপমোট এর ঘরে কিছু লেখার প্রয়োজন হবে না কারণ এসকল ঘরে অটো যোগ হবে।

১৪-৯-২০২১

ড. আলহাজ উদ্দিন আহাম্মেদ  
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)

বিতরণ :


- ১) উপ-পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয় (সকল)
- ২) প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, জোনাল কার্যালয় (সকল)
- ৩) তুলা গবেষণা প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার এবং তুলা গবেষণা কেন্দ্র (সকল)

স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১০২.২০.০০৫.১৮.১৭২/১(৮)

তারিখ: ৩০ ভাদ্র ১৪২৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত পরিচালক (সম্প্রসারণ ও গবেষণা), অতিরিক্ত পরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড
- ২) অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ), অতিরিক্ত পরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড
- ৩) সিনিয়র জিনিং অফিসার, মার্কেটিং ও জিনিং শাখা, তুলা উন্নয়ন বোর্ড। চলতি অর্থ বছরে সদর দপ্তরসহ জোন ও ফার্মের প্রশিক্ষণ, সেমিনার ও কনফারেন্স, প্রদর্শনী খামার, প্রচার ও বিজ্ঞাপন, মুদ্রণ ও বাঁধাই খাতের সম্ভাব্য ব্যয়ের প্রাক্কলন প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ৪) তুলা উন্নয়ন কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), প্রকিউরমেন্ট শাখা, তুলা উন্নয়ন বোর্ড। চলতি অর্থ বছরে সদর দপ্তরের জন্য ক্রয়িতব্য মালামাল/ দ্রব্য- সামগ্রীর সম্ভাব্য ব্যয়ের প্রাক্কলন প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ৫) তুলা উন্নয়ন কর্মকর্তা, পরিকল্পনা শাখা, তুলা উন্নয়ন বোর্ড। খামার ও জোনাল অফিসের প্রয়োজনীয় কৃষি উপকরণাদি ক্রয়ের আইটেম ওয়ারী সম্ভাব্য ব্যয়ের প্রাক্কলন প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ৬) তুলা উন্নয়ন কর্মকর্তা, পরিকল্পনা শাখা, তুলা উন্নয়ন বোর্ড
- ৭) প্রশাসনিক কর্মকর্তা (অঃ দাঃ), প্রশাসন শাখা, তুলা উন্নয়ন বোর্ড। চলতি অর্থ বছরে পিআরএল গমনকারীদের তালিকাসহ লাম্পগ্রান্টের পরিমাণ এবং শ্রান্তি ও বিনোদন ভাতা প্রাপ্যদের তালিকাসহ অর্থের পরিমাণ প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ৮) সহকারী বীজতুলা ও জিনিং কর্মকর্তা (চলতি দায়িত্ব), মার্কেটিং ও জিনিং শাখা, তুলা উন্নয়ন বোর্ড। চলতি অর্থ বছরে খামারের জিনিং আনুজিক খাতে সম্ভাব্য ব্যয়ের প্রাক্কলন প্রদানের জন্য অনুরোধ করা হলো।



১৪-৯-২০২১

এম. এম. আবু জাফর

হিসাবরক্ষণ কর্মকর্তা (চলতি দায়িত্ব)